

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮০২

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، ثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بِشْرِ بْنِ الْحَكَمِ ، قَالَ : جِئْنَا مِنْ عِنْدِ عَبْدِ اللَّهِ بْنِ دَاوُدَ الْخُرَيْبِيِّ إِلَى يَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانِ ، فَقَالَ : مِنْ أَيْنَ جِئْتُمْ ؟ قُلْنَا : مِنْ أَيْنَ جِئْتُمْ ؟ قُلْنَا : حَدَّثَنَا عَنِ الْأَعْمَشِ ، عَنْ حَبِيبِ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ دَاوُدَ . فَقَالَ : مَا حَدَّثَكُمْ ؟ قُلْنَا : حَدَّثَنَا عَنِ الْأَعْمَشِ ، عَنْ حَبِيبِ مِنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ الْحَدِيثَ . فَقَالَ يَحْيَى : أَمَا إِنَّ سُفْيَانَ الثَّوْرِيَّ بُنِ أَبِي ثَابِتٍ لَمْ يَسْمَعْ مِنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ شَيْئًا كَانَ أَعْلَمَ النَّاسِ بِهَذَا ، زَعَمَ أَنَّ حَبِيبَ بْنَ أَبِي ثَابِتٍ لَمْ يَسْمَعْ مِنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ شَيْئًا

বাংলা

৮০২(৪০). আবু বাকর আন-নায়শাপুরী (রহঃ) ... আব্দুর রহমান ইবনে বিশর ইবনুল হাকাম (রহঃ) বলেন, আমরা দাউদ আল-খুরায়বীর নিকট থেকে ইয়াহইয়া ইবনে সাঈদ আল-কাত্তান (রহঃ)-এর নিকট এলে তিনি জিজ্ঞেস করেন, তোমরা কোথা থেকে এলে? আমরা বললাম, আবদুল্লাহ ইবনে দাউদের নিকট থেকে। তিনি বলেন, তিনি কি তোমাদের নিকট কোন সূত্রে হাদীস বর্ণনা করেছেন? আমরা বললাম, তিনি আমাদের নিকট আল-আমাশ (রহঃ)-হাবীব ইবনে আবু সাবেত-উরওয়া-আয়েশা (রাঃ) সূত্রে হাদীস বর্ণনা করেছেন। ইয়াহইয়া ইবনে সাঈদ আল-কাত্তান (রহঃ) বলেন, নিশ্চয়ই সুফিয়ান আস-সাওরী (রহঃ) এ বিষয়ে স্বাধিক জ্ঞানী। তিনি মনে করেন, হাবীব ইবনে আবু সাবেত (রহঃ) উরওয়া ইবনুষ যুবায়ের (রহঃ) থেকে কোন হাদীস শ্রবণ করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবনু বিশর (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন